



জেলা পরিষদ কার্যালয়

শেরপুর

www.zpsherpur.gov.bd

০১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ

তারিখ: ১৫ মার্চ ২০২৬ খ্রীস্টাব্দ

স্মারক নং-৪৬.৪২.৮৯০০.০০০.০০১.৯৯.০০৬৩.২৫- ৭৬

নিলাম বিজ্ঞপ্তি নং-০১/২০২৫-২০২৬

শেরপুর জেলা পরিষদের মালিকানাধীন কানাশাখোলা বাজারে মধ্যবয়রা মৌজায় অবস্থিত “জেলা পরিষদ মার্কেট” টি যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী প্রার্থী (ব্যক্তি/ব্যবসায়ী প্রতিষ্ঠানের) নিকট থেকে নিম্নে বর্ণিত শর্তে সিলমোহরযুক্ত আবদ্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র সিডিউল বিক্রয়, দাখিল, খোলার সময়সূচী ও স্থান-

ক্র: নং	সিডিউল বিক্রয়ের শুরুর তারিখ	সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
০১।	২৪/০৩/২০২৬খ্রি:	০৭/০৪/২০২৬ (অফিস চলাকালীন পর্যন্ত)	০৮/০৪/২০২৬খ্রি., বেলা-১:০০টা পর্যন্ত	০৮/০৪/২০২৬খ্রি., বেলা-৩:০০টা পর্যন্ত

- ক. দরপত্র সিডিউল মূল্য (প্রতিটি) : ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য)।
 খ. দরপত্র সিডিউল বিক্রয় স্থান : জেলা পরিষদ কার্যালয়, শেরপুর।
 গ. দরপত্র সিডিউল দাখিলের স্থানসমূহ : ১) জেলা পরিষদ কার্যালয়, শেরপুর এবং
 ২) উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর।
 ঘ. দরপত্র খোলার স্থান : জেলা পরিষদ কার্যালয়, শেরপুর।

শর্তাবলী

১. দরপত্রে অংশ গ্রহণকারীকে প্রস্তাবিত মূল্যের সাকুল্য (১০০% ভাগ) টাকাসহ ১৫% ভ্যাট ও ১০% আয়কর হিসাবে যে কোন তফসীলি ব্যাংক হতে পৃথক পৃথক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শেরপুর এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।
২. দরপত্র খামের উপরে নিলাম বিজ্ঞপ্তি নং উল্লেখ করতে হবে।
৩. নিলামে অংশ গ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, সদ্য তোলা পাসপোর্ট আকারের ০২(দুই) কপি সত্যায়িত রঙিন ছবি এবং ব্যবসায়ী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠান মালিকের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি কপি, সদ্য তোলা পাসপোর্ট আকারের ০২(দুই) কপি সত্যায়িত রঙিন ছবি, প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর সনদের সত্যায়িত ফটোকপি দরপত্রের সাথে দাখিল করতে হবে।
৪. নিলামে অংশ গ্রহণকারীগণ দরপত্র দাখিলের পূর্বে নিলামে উল্লেখিত মার্কেটটি “যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে” সরেজমিনে পরিদর্শন করে দরপত্র দাখিল করবেন। নিলাম গ্রহণের পর কোন আপত্তি উত্থাপন করলে তা গ্রহণ যোগ্য হবে না।
৫. নিলামে অংশ গ্রহণকারীগণের মধ্যে সর্বোচ্চ দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদানের সময় বিস্তারিত শর্তাবলী উল্লেখ থাকবে।
৬. নিলাম বিজ্ঞপ্তি নোটিশে যাহাই উল্লেখ থাকুক না কেন ইহা ছাড়াও দরপত্র দাতাগণ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রচলিত আইন/কানূনের আওতাভূক্ত থাকবে।
৭. এছাড়া, কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ এবং বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মো: মিজানুর রহমান)

নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ শেরপুর

ফোন-০২৯৯৭৭৮১০৭০

ই-মেইল: sherpurzp@gmail.com

০১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ

তারিখ: ১৫ মার্চ ২০২৬ খ্রীস্টাব্দ

স্মারক নং-৪৬.৪২.৮৯০০.০০০.০০১.৯৯.০০৬৩.২৫- ৭৬(০৫)

অনুলিপি : সদয় অবগতির জ্ঞান-

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
- ৪। জেলা প্রশাসক, শেরপুর
- ৫। পুলিশ সুপার, শেরপুর
- ৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, শেরপুর
- ৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/গণপূর্ত/জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর, শেরপুর
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর, শেরপুর
- ৯। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, শেরপুর
- ১০। ষ্টাটলিপিকার, জেলা পরিষদ, শেরপুর (তাকে জেলা পরিষদের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিখানা প্রচারের জন্য বলা হলো)
- ১১। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, শেরপুর

নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ শেরপুর